# বেলকুচি উপজেলা মাদক ও চোরাচালান কমিটির আগষ্ট/ ২০১৮ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ ওলিউজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ।
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
তারিখ : ১৬-০৮- ২০১৮ খ্রি, সময় : বেলা : ১১.১৫ ঘটিকা

উপস্থিতি : পরিশিষ্ট "ক" ( হাজিরার ক্রমানুসারে)

সভার শুরুতে সভাপতি উপজেলা মাদক ও চোরাচালান কমিটির সকল সদস্য ও সুধিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি উপজেলার মাদক ও চোরাচালান এর সার্বিক পরিস্থিতি সম্পর্কে সকলের মতামত আহ্বান করেন।

চেয়ারম্যান, রাজাপুর ইউনিয়ন পরিষদ বলেন, ঈদ উপলক্ষে রাত্রি বেলায় গরু চুরির ঘটনা ঘটে। সকলকে সতর্ক থাকতে হবে। সয়দাবাদ হতে এনায়েতপুর পর্যন্ত রাস্তায় চুরি ডাকাতি হওয়ার আশংকা থাকে বলে পুলিশি টহল বাড়াতে হবে। মাদক সেবীদের উপর বেশি বেশি নজর দেওয়ার জন্য অফিসার ইনচার্জ কে তিনি অনুরোধ জানান।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি তাঁর বক্তব্যে জানান যে, বেলকুচি উপজেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি আগের যে কোন সময়ের চেয়ে ভালো। এজন্য তিনি উপজেলা প্রশাসন ও পুলিশ বিভাগকে ধন্যবাদ জানান। মাদক ও চোরাচালান প্রতিরোধে আমাদের সবাইকে সচেতন থাকতে হবে এবং তথ্য দিয়ে প্রশাসনকে সহযোগিতা করতে হবে। তিনি আরও বলেন, বেলকুচি উপজেলার সীমান্তবর্তী এলাকা, মাইঝাইল, ঘোষবাড়ী, চকমকিমপুর বাজার এলাকায় মাদক ডেলিভারি হওয়ার খবর পাওয়া যায়। তাই ঐসমস্ত এলাকাগুলোতে পলিশী টহল এবং নজরদারী বাড়াতে হবে। এ বিষয় মনিটরিং করার জন্য পুলিশ বিভাগকে অনুরোধ জানান।

অফিসার ইনচার্জ, বেলকুচি থানা উপস্থিত সকলকে অবহিত করেন যে, বর্তমানে বেলকুচি উপজেলার মাদক ও চোরাচালান পরিস্থিতি অনেকটা ভাল। মাদকের বিরুদ্ধে আমারা আমাদের অভিযান অব্যহত রেখেছি। নির্দিষ্ট তথ্যের ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তিনি সভাকে আরও জানান যে, গত জুলাই/২০১৮ মাসে মাদক বিরোধী ০৮ টি মামলা পরিচালনা করা হয়েছে। মাদক দ্রব্য ব্যবহার ও বিক্রি নিয়ন্ত্রণে প্রয়োজনীয় তথ্য দিয়ে সার্বিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে অনুরোধ জানান।

অতঃপর মাদক ও চোরাচালান নিরোধ ও নিয়ন্ত্রণ বিষয়ে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | পুলিশি টহল জোড়দারকরণ | উপজেলার মাদক ও চোরাচালান পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানসমূহ চিহ্নিত করে সে স্থানে রাতের বেলায় পুলিশ টহল ও তৎপরতা জোড়দারকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, বেলকুচি থানা |
| ০২ | মাদকের ভয়াবহতা রোধকল্পে আলোচনা | মাদকের ভয়াবহতা রোধকল্পে মাদক প্রবণ এলাকাগুলোকে চিহ্নিত করে নিয়মিত মোবাইল কোর্টের মাধ্যমে অভিযান পরিচালনাসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মাদক প্রতিরোধে সচেতনতামূলক সভা/সমাবেশ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ অফিসার ইনচার্জ বেলকুচি |
| ০৩ | সচেতনতামূলক সভা | বেলকুচি উপজেলাসহ সকল ইউনিয়নে একটি নির্দিষ্ট তারিখ ধার্য করে উপজেলা প্রশাসন, পুলিশ বিভাগ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গসহ জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ মেয়র/ ইউপি চেয়ারম্যান |
| ০৪ | জুম্মার নামাজের খুৎবায় আলোচনা | অত্র উপজেলার সকল মসজিদে জুম্মার নামাজের খুৎবায় মাদকের ক্ষতিকর দিক তুলে ধরে নিয়মিত বক্তব্য দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রতিনিধি, ইসলামিক ফাউন্ডেশন, বেলকুচি। |
| ০৫ | বৈধ লাইসেন্সধারী মাদক বিক্রেতা এবং বিক্রয় স্থান সম্পর্কিত প্রতিবেদন | বৈধ লাইসেন্সধারী মাদক বিক্রেতাদের বিক্রয় স্থান এবং লাইসেন্স এর সলক নীতি অনুসরণ করেন কিনা এ ব্যাপারে প্রতিবেদন প্রদানের জন্য অফিসার ইনচার্জকে অনুরোধ জানানো হয়। | অফিসার ইনচার্জ, বেলকুচি থানা |
| ০৬ | যুব সমাজ যাতে মাদকের নেশায় আসক্ত হতে না পারে সে ব্যাপারে | যুব সমাজ যাতে মাদকের নেশায় আসক্ত হতে না পারে সে ব্যাপারে মোটিভেশনাল কার্যক্রম ও পুনর্বাসনের ব্যবস্থা করা এবং শিক্ষা প্রতিষ্ঠান ও সমাজের সর্বস্তরে মাদকের বিরুদ্ধে সচেতনতা গড়ে | পৌরসভা, ইউনিয়ন পরিষদ, এবং শিক্ষা প্রতিষ্ঠান (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | মোটিভেশনাল কার্যক্রম ও পুনর্বাসন সংক্রান্ত | তোলার লক্ষ্যে মাদক বিরোধী চলচ্চিত্র প্রদর্শনী, ডকুমেন্টরী প্রদর্শন ও লিফলেট বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৭ | ভ্রাম্যমান আদালত পরিচালনা | মাদকের বিরুদ্ধে নিয়মিত ভ্রাম্যমান আদালত পরিচালনা অব্যহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি) |

সভাপতি উপজেলার মাদক ও চোরাচালান বন্ধের বিষয়ে সকল কার্যক্রম গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, বেলকুচি থানা ও উপজেলার গণ্যমান্য ব্যক্তি, রাজনৈতিক দলের নেতা কর্মী, জনপ্রতিনিধি ও সর্বস্তরের জনগণকে অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(মোঃ ওলিউজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মাদক ও চোরাচালান নিয়ন্ত্রণ কমিটি
বেলকুচি, সিরাজগঞ্জ
ফোন: ০৭৫২২-৫৬৪৫৫ (অফিস)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেলকুচি, সিরাজগঞ্জ।

স্মারক ন.- ০৫.৫০.৮৮১১.০০১.৪৩.০০১.১৭-১০৩৫(৪০) তারিখ: ১৯/০৮/২০১৮ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জনাব আলহাজ্ব মোঃ আব্দুল মজিদ মন্ডল, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৬ সিরাজগঞ্জ-৫ ।
২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৩। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ ও উপদেষ্টা।
৫। মেয়র, বেলকুচি পৌরসভা, বেলকুচি, সিরাজগঞ্জ।
৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ।
৭। সহকারী কমিশনার (ভূমি), বেলকুচি, সিরাজগঞ্জ।
৮। অফিসার ইনচার্জ, বেলকুচি থানা, সিরাজগঞ্জ।
৯। উপজেলা,.....................................................................অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ।
১০। চেয়ারম্যান/সচিব, বেলকুচি সদর/রাজাপুর/ভাঙ্গাবাড়ি/দৌলতপুর/ধুকুরিয়াবেড়া/বড়ধূল ইউ, পি, বেলকুচি, সিরাজগঞ্জ।
১১। সভাপতি/সম্পাদক, বেলকুচি প্রেস ক্লাব, বেলকুচি, সিরাজগঞ্জ।
১২। সভাপতি/সম্পাদক, ---------------------------------------------, বেলকুচি, সিরাজগঞ্জ।
১৩। জনাব,.................................................................. ।
১৪। উপজেলা টেকনিশিয়ান, বেলকুচি, সিরাজগঞ্জ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
১৫। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
বেলকুচি, সিরাজগঞ্জ